প্রতিবন্ধিতা বান্ধব দুর্যোগ ঝুঁকি ব্যবস্থাপনা বিষয়ক জাতীয় টাস্কফোর্সের ৩য় সভা অনুষ্ঠিত

ঢাকা, ৭ অক্টোবর ২০১৮

প্রতিবন্ধিতা বান্ধব দুর্যোগ ঝুঁকি ব্যবস্থাপনা বিষয়ক জাতীয় টাস্কফোর্সের ৩য় সভা আজ দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের সভাকক্ষে অনুষ্ঠিত হয়। সভায় দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রী মোফাজ্জল হোসেন চৌধুরী মায়া বীরবিক্রম এমপি সভাপতিত্ব করেন। এডভোকেসী গ্রুপ অন ডিসএবিলিটি ইনক্লুসিভ ডিজাস্টার ম্যানেজমেন্ট এর ফোকাল পয়েন্ট সায়মা হোসেনসহ বিভিন্ন মন্ত্রনালয়ের সদস্যগণ সভায় উপস্থিত ছিলেন।

সভায় জানানো হয় যে, এ পর্যন্ত দেশব্যাপী ১৫ লক্ষ ৯৩ হাজার ৭০ জন প্রতিবন্ধি ব্যক্তি সনাক্ত করা হয়েছে। এর মধ্যে ঘূর্ণিঝড় প্রবণ ১৯টি জেলায় ৪ লক্ষ ৩৩ হাজার প্রতিবন্ধি ব্যক্তিকে নিবন্ধন করা হয়েছে। এ কার্যক্রম চলমান আছে।

সভায় আরো জানানো হয় যে, প্রতিবন্ধি ব্যক্তিদের লিঙ্গ, বয়স, পেশা ও শ্রেণিভিত্তিক উপাত্ত সংগ্রহের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। এ পর্যন্ত ১৯ হাজার রোহিঙ্গা নারী ও শিশুকে মনোসামাজিক কাউন্সিলিং করা হয়েছে বলে সভায় উলেস্নখ করা হয়। প্রতিবন্ধি ব্যক্তিদের বিভিন্ন পর্যায়ে প্রশিক্ষণ প্রদানের নিমিত্ত প্রশিক্ষক ও প্রশিক্ষনের সংখ্যা বাড়ানোর উপর সায়মা হোসেন গুরুত্বারোপ করেন। এ সময় সভায় জানানো হয় এ পর্যন্ত ৩১০৫ জন কর্মকর্তা ও শিক্ষককে প্রশিক্ষক হিসেবে প্রশিক্ষণ দেওয়া হয়েছে। তারা প্রামিত্মক পর্যায়ে প্রশিক্ষণ দিয়ে থাকবেন। প্রশিক্ষন মডিউল হালনাগাদ করার উপরও সায়মা হোসেন গুরম্নত্বারোপ করেন।

সভায় মে মাসে অনুষ্ঠিত প্রতিবন্ধিতা ও দুর্যোগ ঝুঁকি ব্যবস্থাপনা বিষয়ক ২য় আন্তর্জাতিক সম্মেলন নিয়ে বিসত্মারিত আলোচনা হয়। সভায় জানানো হয়, ২০১৮ সালের জুলাই মাসে মঙ্গোলিয়ার রাজধানী উলান বাটোরে অনুষ্ঠিত এশিয়ান মিনিস্টিরিয়াল কনফারেন্স অন ডিজাস্টার রিস্ক রিডাকশন এর ঘোষনায় ঢাকা ঘোষণা ২০১৫+ ভূয়শী প্রশংসা পেয়েছে। আলোচনায় ঢাকা ঘোষণা ও এর বাসত্মবায়ন কৌশলের কথা উঠে আসে। সভায় জানানো হয় ঢাকা ঘোষণার আলোকে নির্দিষ্ট কর্মপন্থা নিয়ে কাজ করছে মন্ত্রণালয়। বিশেষত বছর ভিত্তিক টার্গেট নিয়ে বিভিন্ন দেশের সাথে মতবিনিময় করা হচ্ছে। সভায় জানানো হয় যে, ঢাকা ঘোষণায় ২০২১ সালের মধ্যে ২০টি

দেশকে প্রতিবন্ধি জেন্ডার ও বয়স সংবেদনশীল প্রতিনিধিত্ব নিশ্চিত করার কথা বলা হয়েছে। একই সময়ের মধ্যে প্রতিবন্ধি ব্যক্তিদের সিদ্ধান্ত গ্রহণে নেতৃত্ব প্রদানের সক্ষমতা অর্জনের সুযোগ সৃষ্টির কথা বলা হয়েছে।
সার্বজনীন রূপরেখার নীতি অনুসরন করে দুর্যোগ সহণশীল অবকাঠামো নির্মাণের মডেল প্রতিষ্ঠা ও স্থানীয় পর্যায়ে এর প্রচলনের লক্ষ্য নিধারণ করা হয়েছে ২০২১ সালের মধ্যে অন্তত ২০টি দেশকে।
গ্লোবাল ফ্লাটফর্ম অব ডিজাস্টার রিস্ক রিডাকশন এর ৬ষ্ঠ সম্মেলনে ঢাকা ঘোষণা বিশদভাবে তুলে ধরা হবে বলে সভায় সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

(মোহাম্মদ ওমর ফারুক দেওয়ান)
উপপ্রধান তথ্য অফিসার
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
০১৯৪৩-৪৪৬৩২৩